

Sarita Smith
এক্সিকিউটিভ ডিরেক্টর



Dr. Devon Q. Horton
সুপারিনটেনডেন্ট

জুন 6, 2025

প্রিয় DeKalb County School District-এর পরিবারবর্গ,

নতুন এবং ফিরে আসা সকল শিক্ষার্থীর জন্য 2025-2026 শিক্ষাবর্ষের নিবন্ধন 12 ডিসেম্বর, 2024 তারিখ থেকে শুরু হয়েছে। নিবন্ধন চলমান থাকবে। **সকল পরিবারের জন্য Infinite Campus-এর মাধ্যমে অনলাইন নিবন্ধন করা আবশ্যিক।** সহায়তার প্রয়োজন হলে আপনি 678.676.0998 নম্বরে আমাদের সাথে যোগাযোগ করতে অথবা আমাদের যেকোনো নিবন্ধন হবে যেতে পারেন। অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে [এখানে](#) ক্লিক করুন।

গ্রীষ্মকালীন নিবন্ধন হাব নিম্নলিখিত স্থানসমূহে খোলা থাকবে:

- John Lewis Elementary School (জুন 9 – 12 এবং জুলাই 21 – 24 সকাল 8:00 টা থেকে বিকেল 3:30 টা পর্যন্ত)
 - শনিবার, জুন 14, 2025, সকাল 9:00 টা – দুপুর 1:00 টা পর্যন্ত)
- Martin Luther King High School (জুন 9 – 12 এবং জুলাই 21 – 24 সকাল 8:00 টা থেকে বিকেল 3:30 টা পর্যন্ত)
 - শনিবার, জুন 14, 2025, সকাল 9:00 টা – দুপুর 1:00 টা পর্যন্ত)
- McNair Middle School (জুন 23 – 26 এবং জুলাই 28 – 31 সকাল 8:00 টা থেকে বিকেল 3:30 টা পর্যন্ত)
- Smoke Rise Elementary School (জুন 23 – 26 এবং জুলাই 28 – 31 সকাল 8:00 টা থেকে বিকেল 3:30 টা পর্যন্ত)

চলতি বছর নতুন এবং ফিরে আসা সকল পরিবারকে আমাদের আবাসিক যাচাইকরণ ব্যবস্থার মধ্য দিয়ে যেতে হবে। পূর্বে প্রতিটি স্থানীয় স্কুলে আবাসিক যাচাইকরণ ম্যানুয়াল উপায়ে করা হতো। তবে আমরা দক্ষতা বৃদ্ধি এবং ডিস্ট্রিক্টব্যাপী প্রত্যাশা সুবিন্যস্ত করার লক্ষ্যে CLEAR নামক একটি সিস্টেম প্রতিষ্ঠা করছি। CLEAR প্রক্রিয়াটি অনলাইন নিবন্ধন এবং বার্ষিক যাচাইকরণ প্রক্রিয়ার সময় পরিবারসমূহের জমা দেওয়া বাবা-মায়েদের তথ্য যাচাই করে থাকে। এই সফটওয়্যার সম্পর্কে আরও তথ্য [এখানে](#) ক্লিক করে পাওয়া যাবে।

DeKalb County School District একটি বস্তুনিষ্ঠ এবং নিরপেক্ষ পদ্ধতি ব্যবহার করবে যা ডিস্ট্রিক্ট-এর সীমানার মধ্যে বসবাসের স্থান নির্ধারণে সহায়তা করার লক্ষ্যে CLEAR-এর পটভূমি যাচাই সেবাকে কাজে লাগাবে। DeKalb County School District-এ শিক্ষার্থীদের নিবন্ধন করার চেষ্টা করা সমস্ত পরিবারের জন্য বসবাসের বিষয়টি যাচাইকরণে আরও ভালোভাবে সহায়তা করার লক্ষ্যে পাবলিক রেকর্ডে অ্যাক্সেস করার প্রথম পদক্ষেপ হিসেবে CLEAR পটভূমি যাচাই প্রক্রিয়ায় শুধুমাত্র বাবা-মায়ের নাম এবং বাড়ির ঠিকানা ব্যবহার করা হয়ে থাকে।

যেসব পরিবার CLEAR-এর নির্ধারিত মানদণ্ড পূরণ করে না, অথবা প্রশাসনিক পর্যালোচনার জন্য মনোনীত হয়েছে, তাদের **জুলাই 1, 2025** তারিখের আগে লিখিতভাবে অবহিত করা হবে। বিজ্ঞপ্তিতে তাদেরকে স্কুলের প্রথম দিন **আগস্ট 4, 2025** তারিখের আগে আবাসিক যাচাইকরণ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সমস্ত করণীয় সম্পর্কে অবহিত করা হবে।

আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে registration@dekalbschoolsga.org-এ আমাদের সাথে যোগাযোগ করবেন।

শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট অফিস
DeKalb County School District

শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট অফিস | অ্যাক্সেস ও সুযোগ বিভাগ
1991 Silver Hill Road | Stone Mountain, GA 30087
678.676.0035 | 678.676.0098 | www.dekalbschoolsga.org/registration